অ্যামাজন সাপ্লাই চেইন স্ট্যান্ডার্ডস

অ্যামাজনে, আমরা মানুষের অধিকারকে অগ্রাধিকার দিয়ে এবং উপযুক্ত পরিবেশ বজায় রেখে পণ্য উৎপাদন ও সেবা প্রদান করে থাকি এবং কর্মীদের মৌলিক সম্মান সুরক্ষিত রাখতে আমরা দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ। যে সকল সরবরাহকারী এই সকল নীতি মেনে চলতে প্রতিশ্রুতিবদ্ধ আমরা কেবল তাদের সাথেই কাজ করে থাকি এবং অ্যামাজন ও অ্যামাজনের অঙ্গ প্রতিষ্ঠানে যে সকল সরবরাহকারী পণ্য ও সেবা সরবরাহ করে থাকে তাদের জন্য আমরা নির্দিষ্ট মানদণ্ড নির্ধারণ করে দিয়েছি। ব্যবসায় ও মানবাধিকার বিষয়ে জাতিসংঘের নির্দেশনামূলক নীতির এবং ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন (ILO)-এর মূল রীতিনীতি থেকে এই মানদণ্ডগুলি গৃহীত হয়েছে, এর মধ্যে রয়েছে কর্মক্ষেত্রে মৌলিক নীতি ও অধিকার সম্পর্কিত ILO এর ঘোষণা এবং মানবাধিকার বিষয়ে জাতিসংঘের সর্বজনীন ঘোষণা। এই নীতিগুলো ব্যাখ্যা করার ক্ষেত্রে আমরা ILO-এর দিকনির্দেশনা-মূলক দলিলাদি ও সংজ্ঞাসমূহ অনুসরণ করে থাকি।

সরবরাহকারীদের জন্য আমাদের শর্তাবলী ও প্রত্যাশাগুলো নিম্নে আমাদের সরবরাহকারীর আচরণবিধিতে ("সরবরাহকারীর কোড") উল্লেখ করা হয়েছে। আমাদের সাপ্লাই চেইনে (লাইসেন্সধারী, প্রস্তুতকারক, উৎপাদক) পণ্য সরবরাহ এবং অ্যামাজনের রিটেইল কাজের (যেমন- তৃতীয়-পক্ষের লেবার এজেন্সি, পরিবহনের ক্ষেত্রে সহায়তা প্রদানকারী) জন্য কিছু সরবরাহকারীদের উপর আমরা নির্ভর করি না বরং ক্রমাগত সরবরাহকারীর সংখ্যা বাড়তে থাকে। এই সরবরাহকারী কোড প্রযোজ্য আইনের শর্ত অতিক্রম করে থাকলে সেক্ষেত্রেও সরবরাহকারীদের অবশ্যই সকল প্রযোজ্য আইন ও আমদের সরবরাহকারী কোড মেনে চলতে হবে।

এই মানদণ্ডগুলোর জন্য আমাদের আবেদনপত্রে নিম্নোক্ত মূলনীতিগুলো অনুসরণ করে থাকি:

1. *অন্তর্ভুক্তিকরণ:* আমাদের মানদণ্ডগুলি গোত্র, বর্ণ, জাতীয়তা, লিঙ্গ, লিঙ্গ পরিচিতি, যৌন দৃষ্টিভঙ্গি, ধর্ম, অক্ষমতা, বয়স, রাজনৈতিক মতামত, গর্ভাবস্থা, অভিবাসন অবস্থা, জাতিভুক্ত, জাত, বৈবাহিক বা পারিবারিক অবস্থা বা একই রকম ব্যক্তিগত বৈশিষ্ট্য নির্বিশেষে সকল শ্রমিকের জন্য প্রযোজ্য। আমরা উপলব্ধি করি যে আমাদের সরবরাহকারীর কোডে উল্লিখিত সমস্যাগুলো দ্বারা এই গ্রুপগুলো বেশিমাত্রায় প্রভাবিত এবং শোষণের ক্ষেত্রে আরো ঝুঁকিপূর্ণ হতে পারেন। এই গ্রুপগুলোর জন্য নির্দিষ্ট ঝুঁকি মোকাবেলায় এবং সুনির্দিষ্টভাবে আমাদের সরবরাহকারীর কোডের আওতায় নেই কিন্তু উদ্ভূত হতে পারে এমন পরিস্থিতি মূল্যায়ন ও সমাধানের জন্য আমাদের সরবরাহকারীদের সাথে কাজ করার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

2. *ক্রমাগত উন্নতি:* ক্রমাগত উন্নতির জন্য অ্যামাজনের একটি নীতি আছে এবং আমরা সরবরাহকারীদের সাথে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ যাতে করে তারা তাদের কর্মী ও কর্মস্থলের জন্য সুরক্ষা বিষয়ক উন্নয়ন করতে পারে। যদি কেউ সরবরাহকারীর আচরণবিধি মেনে চলতে ব্যর্থ হয় তাহলে আমরা যেকোনো সময় ব্যবসায়িক সম্পর্ক ছিন্ন করার অধিকার রাখি যদিও আমরা সবসময় কর্মীদের অগ্রাধিকার দিয়ে থাকি। যখন একজন সরবরাহকারী কোনো ধরনের মূল্যায়নে সহযোগিতা করতে অস্বীকার করে, আবশ্যক আচরণ বা পদ্ধতি পরিবর্তন করতে অস্বীকার করে, প্রতিকারের ক্ষেত্রে সময়োপযোগী অগ্রগতি সাধন না করে বা নথিসমূহের মিথ্যা বিবরণী বা মিথ্যা উপস্থাপনা অথবা অন্যান্য অবৈধ বা প্রতারণামূলক কার্যক্রমে জড়িত থাকে তবে সেই সরবরাহকারীকে প্রত্যাহার করার বিষয়টি বিবেচনা করা হতে পারে।

3. *সাপ্লাই চেইনের দায়িত্ব:* আমাদের সাপ্লাই চেইন জুড়ে যেসব মানদণ্ড অন্তর্ভুক্ত করা হয়েছে তা নিশ্চিত করার জন্য সরবরাহকারীরা ধারাবাহিকভাবে তাদের নিজস্ব কার্যক্রম এবং সাপ্লাই চেইনে এই মানদণ্ডগুলো পর্যবেক্ষণ এবং প্রয়োগ করার পাশাপাশি আমাদের সরবরাহকারীর কোডে আমাদের ও আমাদের গ্রাহকদের যেসব প্রত্যাশা প্রতিবিম্বিত হয়েছে সেগুলো পূরণ করতে বা অতিক্রম করতে আমরা উন্নতি সাধনের প্রত্যাশা করি। অনুরোধের ভিত্তিতে সরবরাহকারীরা সাবকন্ট্রাক্টর বা লেবার এজেন্টদের কাছে তথ্য শেয়ার করবে। তারা আশা করে যে আমাদের সরবরাহকারীর কোড অনুযায়ী তাদের সাবকন্ট্রাক্টর ও লেবার এজেন্টরা মানদণ্ড মেনে চলবে ও অভ্যাস গড়ে তুলবে। সরবরাহকারীরা যখন সাবকন্ট্রাক্টরদের দ্বারা উৎপাদন করে তখন তাদের সাবকন্ট্রাক্টরদের সাথে থেকে সরবরাহকারীর কোড অভ্যাস করানো ও সচেতনতা গড়ে তোলা দরকার। আমরা মনে করি যে সাপ্লাই চেইনের আরো গভীর স্তরের সরবরাহকারী এবং ইনফরমাল সেক্টরের সরবরাহকারীদের এই মানদণ্ডগুলো মেনে চলতে অনেকটা সময় নিতে পারে। আমরা সরবরাহকারীদের সাথে কাজ করে তাদেরকে আমাদের নীতি সম্পর্কে বোঝাতে প্রতিশ্রুতিবদ্ধ। যখন আমরা আশা করছি যে সরবরাহকারীরা সরবরাহকারীর কোডের সকল প্রযোজ্য নিয়ম মেনে চলবে, সেক্ষেত্রে নিয়ম প্রণয়নের সময় সরবরাহকারীর (যেমন- ফ্যামিলি ফার্ম, ক্ষুদ্র ব্যবসায়ী, গৃহকর্মী) প্রতিষ্ঠানের আকার ও অবস্থান বিবেচনা করা হবে।

সরবরাহকারীর আচরণবিধি

যেকোনো সেকশনে নেভিগেট করতে ক্লিক করুন:

শ্রমিক অধিকার	স্বাস্থ্য ও সুরক্ষা	পরিবেশ	সাংঘর্ষিক খনিজ এবং ভূমি অধিকার	নৈতিক আচরণ	ব্যবস্থাপনা পদ্ধতি

শ্রমিক অধিকার

1. তরুণ শ্রমিক। অ্যামাজন শিশু শ্রম মেনে নেওয়া না। সরবরাহকারীরা সেসব কর্মীদের নিয়োগ দিতে পারবে যারা: (i) 15 বছর বয়সী, (ii) বাধ্যতামূলক শিক্ষা সম্পূর্ণ করার বয়স বা (iii) ন্যূনতম বা যেটি বেশি সেই বয়সে দেশে কাজ করার অনুমতি আছে। অধিকন্তু, 18 বছরের নিচের কর্মীরা ("তরুণ কর্মী") অবশ্যই কোনো ঝুঁকিপূর্ণ কাজ করবে না যা তাদের স্বাস্থ্য বা সুরক্ষা বা তাদের শিক্ষার (যেমন- নাইট শিফট, ওভারটাইম) ক্ষেত্রে সমস্যা তৈরি করে।

হালকা কাজ: আন্তর্জাতিক শ্রম মানদণ্ড অনুসারে, বাছাই করা পরিস্থিতিতে হালকা বিপজ্জনক নয় এমন কাজ করার অনুমতি প্রদান করা হয় যতক্ষণ না শিশু তাদের পিতামাতা বা আত্মীয়দের এমনভাবে সহায়তা করে যে তাদের শিক্ষা, স্বাস্থ্য, স্কুলে গমন বা ব্যক্তিগত এবং শারীরিক বিকাশ ঝুঁকিপূর্ণ হয়। সকল ক্ষেত্রেই, সরবরাহকারীদের শিশু শ্রম আইন ও আন্তর্জাতিক শ্রমিক মানদণ্ড মেনে চলতে হবে।

2. শিক্ষার্থী কর্মী। অ্যামাজন শিক্ষার্থী কর্মীদের জন্য কাজের ক্ষেত্র তৈরি করে দেয় যা তাদের শিক্ষার লক্ষ্য অর্জনে সহায়তা করে এবং অ্যামাজন সরবরাহকারীর কোড ও প্রযোজ্য স্থানীয় আইনের সাথে সঙ্গত। শিক্ষার্থীদের নথির যথাযথ রক্ষণাবেক্ষণ, শিক্ষাগত অংশীদারদের কঠোর অধ্যবসায় এবং প্রযোজ্য আইন ও বিধিবিধি অনুসারে শিক্ষার্থীদের অধিকার সংরক্ষণের মাধ্যমে সরবরাহকারীদের দ্বারা শিক্ষার্থী কর্মীদের যত্নশীল ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। স্থানীয় আইনের অনুপস্থিতিতে, শিক্ষার্থী কর্মী, ইন্টার্ন এবং শিক্ষানবিশদের পারিশ্রমিক ন্যূনতম হলেও একজন নতুন কর্মীর পারিশ্রমিকের সমপরিমাণ হতে হবে। শিক্ষানবিস প্রোগ্রামের সময়কাল অল্পসময়ের জন্য হওয়া উচিত বা এই সময়কাল শেষে ফুল-টাইম চাকরির জন্য বিবেচনা করা যেতে পারে।

3. অনৈচ্ছিক শ্রম, মানব পাচার এবং দাসত্ব। অ্যামাজন সরবরাহকারীদের অবশ্যই বলপূর্বক কাজ করানো, দাসত্ব, বন্দী করা, শর্তাবদ্ধ করা বা অন্যথা করা উচিত নয়। যেসব সরবরাহকারী মানব পাচার করে বা হুমকি, বলপূর্বক, জোরপূর্বক, অপহরণ বা ছলনা করে কর্মী নিয়োগ দেয়, এমন সরবরাহকারীর সাথে অ্যামাজন কাজ করে না। সবাইকে স্বতঃস্ফূর্তভাবে কাজ করতে হবে এবং কোনো কর্মী যদি যৌক্তিক কারণবশত কাজ ছেড়ে যেতে চায় এবং তাদের কাজের ইতি টানতে চায় বা অন্যান্য কোনো কারণে চলে যেতে চাইলে তাদেরকে যেতে দিতে হবে। কর্মীদের তাদের স্বদেশে বা অন্য যেকোনো দেশে যেখানে তারা কাজ করবে এর জন্য নিয়োগ, নিযুক্ত, এজেন্ট বা ব্রোকার এর ফি বা অন্যান্য যেকোনো আনুষঙ্গিক ফি দেওয়ার কোনো প্রয়োজন নেই। যদি নিয়োগের ক্ষেত্রে এমন কোন ফি এর প্রয়োজন হয়, এমনকি সরবরাহকারীর সরাসরি নিয়ন্ত্রণ নেই এমন কোনো নিয়োগ প্রক্রিয়ার ক্ষেত্রেও সরবরাহকারীকে অবশ্যই তাদের কর্মীদের জন্য এই ফি পরিশোধ করতে হবে। কর্মীদের জন্য ব্যয় করা সকল ধরনের ফি এবং খরচ অ্যামাজনকে জানাতে হবে এবং চাকরি বা কাজ শুরুর পূর্বে কর্মীদের তাদের মাতৃভাষায় তা বোঝাতে হবে।

অ্যামাজন চায় যে সরবরাহকারীর কোড অনুযায়ী সরবরাহকারীরা তাদের তৃতীয়-পক্ষের লেবার এজেন্ট বা ব্রোকারদের ক্ষেত্রেও মানদণ্ড ও অভ্যাসগুলো বজায় রাখবে। সরবরাহকারীরা নিয়োগ প্রদানকারী এজেন্সি এবং লেবার ব্রোকারদের কাজ পর্যবেক্ষণ ও তদারকি করবে এবং সেসব এজেন্সিকে দায়িত্ব দিবে যারা নীতি বজায় রেখে কর্মীদের সাথে চুক্তি করে। সরবরাহকারীদের অবশ্যই এটি নিশ্চিত করতে হবে নিয়োগ প্রদানকারী সংস্থা যেন সরবরাহকারীর কোড মেনে চলে, সেই সাথে কর্মী যেখানে কাজ করবে সেই দেশের আইন এবং কর্মীর স্বদেশের আইন মেনে যেন নিয়োগ দেওয়া হয়।

সরবরাহকারীদের অবশ্যই কর্মীদের সরকারি পরিচয়পত্র, পাসপোর্ট বা কাজের অনুমতি সংক্রান্ত নথি নেওয়ার শর্তে কাজে নিয়োগ দেওয়া উচিত নয়। কেবল প্রশাসনিক কাজ এবং অভিবাসন প্রক্রিয়া সম্পন্ন করার ক্ষেত্রে সরবরাহকারী স্বল্প সময়ের জন্য এই কাগজপত্রগুলো জমা নিতে পারে। কর্মীদেরকে অবশ্যই পরিষ্কার, সহজবোধ্য কাগজপত্র দিতে হবে যাতে তারা যে ভাষায় এবং যেভাবে বুঝতে পারে ঠিক সেইভাবে তাদের কাজের শর্তাবলি ব্যাখ্যা করা আছে।

4. অভিবাসী কর্মী: অ্যামাজ আশা করে যে নিজের দেশের কর্মী এবং অভিবাসী কর্মীরা যেসব ঝুঁকির সম্মুখীন হয় সেসব বিষয়ে আমাদের সরবরাহকারীরা যেন মনোযোগ দেন এবং এটি যাতে নিশ্চিত হয় যে এই মানদণ্ডগুলোর ভিত্তিতে যেন অভিবাসী কর্মীরা কোনো বৈষম্যের শিকার না হয়। আমাদের সরবরাহকারীরা কেবল সেইসব কর্মীদের নিয়োগ দিতে পারে যাদের কাজ করার বৈধ অধিকার আছে বা অনুমোদিত কোনো আশ্রয়ার্থী ব্যক্তিদের প্রকল্পের আওতায় রয়েছে (এইসব ক্ষেত্রে অ্যামাজন এই প্রকল্পগুলোর প্রেক্ষাপটের ভিত্তিতে পর্যালোচনা করবে)। যদি সরবরাহকারীরা বহিরাগত বা স্বদেশী কর্মীগণকে নিয়োগ দেয় তাহলে অভিবাসন এবং আগত দেশের শ্রম আইন মেনেই তাদেরকে নিয়োগ দিতে হবে। যৌক্তিক এবং আইনত প্রযোজ্য নোটিশের ভিত্তিতে কোনো রকম জরিমানা ছাড়াই কর্মীরা তাদের কাজের চুক্তি ছিন্ন করতে পারতে হবে। সরবরাহকারীদের অবশ্যই কর্মীদের সকল তথ্য হালনাগাদ রাখতে হবে বিশেষত অভিবাসী কর্মীদের ক্ষেত্রে; এর মধ্যে রয়েছে চুক্তির মূল বিষয়গুলো এবং কর্মীদের এ দেশে আসার ও ফিরে যাওয়ার তারিখ।

5. মজুরি এবং সুযোগ-সুবিধা। প্রযোজ্য আইন অনুযায়ী, সরবরাহকারীদের তাদের কর্মীদের সময়মত মজুরি ও ক্ষতিপূরণ (ওভারটাইম মজুরি ও সুবিধা) প্রদান করতে হবে। সরবরাহকারীরা তাদের কর্মীদের সময়মাফিক পে স্টাব বা এই ধরনের কাগজপত্রের ভিত্তিতে মজুরি প্রদান করবে। নিয়মভঙ্গের কারণে মজুরি কর্তন করা গ্রহণযোগ্য নয়। অধিকন্তু, আমরা সরবরাহকারীদের নিয়মিত পর্যবেক্ষণ করতে বলে থাকি এটি দেখার জন্য যে কর্মীরা তাদের বা তাদের পরিবারের চাহিদা পূরণের জন্য যথেষ্ট পরিমাণ আয় করতে পারছে কি না।

6. কর্মঘণ্টা। কর্মীদের নিরাপত্তা, স্বাস্থ্য ও মঙ্গল রক্ষার্থে অ্যামাজন প্রত্যাশা করে যে সরবরাহকারীরা নিয়মিত কর্মঘণ্টা তদারকি করবে। বিশেষ বা জরুরি অবস্থা ব্যতিরেকে, (i) প্রতি সপ্তাহে ওভারটাইমসহ কর্মীদের কর্মঘণ্টা 60 ঘণ্টার বেশি হওয়া যাবে না এবং (ii) প্রত্যেক কর্মীকেই প্রতি সাতদিনে একদিন ছুটি দিতে হবে। যেকোনো পরিস্থিতিতেই, কর্মঘণ্টা আইন অনুমোদিত সর্বোচ্চ সময়ের বেশি হওয়া যাবে না।

7. বৈষম্য-বিরোধী। অ্যামাজন সরবরাহকারীদের গোত্র, বর্ণ, জাতীয়তা, লিঙ্গ, লিঙ্গ পরিচিতি, যৌন দৃষ্টিভঙ্গি, ধর্ম, অক্ষমতা, বয়স, রাজনৈতিক মতামত, গর্ভাবস্থা, অভিবাসন অবস্থা, জাতিভুক্ত, জাত, বৈবাহিক বা পারিবারিক অবস্থা বা একই রকম ব্যক্তিগত বৈশিষ্ট্য সম্পন্ন এগুলোর উপর ভিত্তি করে নিয়োগ দেওয়া বা কাজের ক্ষেত্র যেমন- চাকরির আবেদন, পদোন্নতি, কাজের বিন্যাস, প্রশিক্ষণ, পারিশ্রমিক, সুবিধা এবং চাকরি সমাপ্তির ক্ষেত্রে বৈষম্য প্রদর্শন করবে না। সরবরাহকারীরা গর্ভাবস্থা বা এইচআইভি টেস্ট বাধ্যতামূলক করে দিতে পারে না। কর্মী বা আবেদনকারীদের সকল মেডিকেল টেস্টের ক্ষেত্রে কোন ধরনের বৈষম্য করা যাবে না। সরবরাহকারীদের অবশ্যই বিভিন্ন ধর্মাবলম্বী কর্মীদের ন্যূনতম বসবাসের ব্যবস্থা করে দিতে হবে এবং কাজের ক্ষেত্রে লিঙ্গ বৈষম্য না করে সমানভাবে কাজ বিন্যস্ত করতে হবে। আমরা আমাদের সরবরাহকারীদের মাতৃত্বকালীন ছুটি প্রদান করতে উৎসাহিত করে থাকি।

8. উপযুক্ত চিকিৎসা। সকল কর্মীদের সম্মান ও মর্যাদার সাথে চিকিৎসা সেবা প্রদান করতে হবে। আমাদের কর্মীদের কোনো ধরনের শারীরিক, মৌখিক বা মানসিক নির্যাতন বা হয়রানি করা উচিত নয় যেমন- সংঘর্ষের হুমকি, কাজের ক্ষেত্রে শাস্তি প্রদান, মানসিক জুলুম, যৌন হয়রানি বা অকারণে কর্মস্থলে ও আবাসস্থলে প্রবেশ বা বের হওয়ার ক্ষেত্রে বাধ্যবাধকতা আরোপ করা বা অন্য ধরনের ভীতি প্রদর্শন করা। কর্মীদের অবশ্যই তাদের উদ্বেগগুলো কর্মীদের গোপনীয় সাক্ষাৎকারের মাধ্যমে অ্যামাজন বা এর নিরীক্ষকদের জানাতে পারবে এবং সরবরাহকারীদের ব্যবস্থাপকদের প্রতি ভীত না হয়ে নিরীক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করতে অনুমতি দিতে হবে। বৈষম্যহীনতা এবং হেনস্তার বিরুদ্ধে সচেতন হওয়ার জন্য আমরা সরবরাহকারীদের প্রশিক্ষণ দিতে উদ্বুদ্ধ করে থাকি।

9. সংগঠন করার স্বাধীনতা। অ্যামাজন প্রত্যাশা করে যে সরবরাহকারীরা কর্মীদের তাদের নিজস্ব পছন্দ অনুযায়ী প্রতিষ্ঠান বাছাই ও যোগদান করার সুযোগ দিবে। নিজস্ব পছন্দে প্রতিষ্ঠানে যোগদানের ক্ষেত্রে কর্মীদের অবশ্যই কোনো ধরনের জরিমানা বা হেনস্তা করা যাবে না।

স্বাস্থ্য ও সুরক্ষা

1. স্বাস্থ্য ও সুরক্ষা। অ্যামাজন আমাদের সরবরাহকারীদের নিকট প্রত্যাশা করে যে তারা যেন কর্মীদের একটি নিরাপদ এবং স্বাস্থ্যসম্মত পরিবেশ প্রদান করে। সরবরাহকারীদেরকে অবশ্যই, কাজের শর্তাবলী এবং অ্যামাজন এর প্রযোজ্য আইন অনুসারে সরবরাহকারী কোডের একটি ন্যূনতম মান মেনে চলা উচিত।

2. পেশাগত সুরক্ষা। সরবরাহকারীদের কর্মীদের সুরক্ষা সংক্রান্ত ঝুঁকি পর্যবেক্ষণ করা দরকার (যেমন- রাসায়নিক, যান্ত্রিক, বৈদ্যুতিক এবং অন্যান্য ঝুঁকি) এ বিদ্যুতের উৎসসমূহ, অগ্নি, যানবাহন ও পড়ে যাওয়ার ঝুঁকি শনাক্ত করা, মূল্যায়ন করা এবং সঠিক কৌশল অবলম্বন করে এসকল ঝুঁকি নিয়ন্ত্রণ করা দরকার, প্রকৌশল এবং প্রশাসনিক নিয়ন্ত্রণ, প্রতিরক্ষামূলক রক্ষণাবেক্ষণ এবং নিরাপদ কর্ম পদ্ধতি (এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে লকআউট/ট্যাগআউট) এবং চলমান নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ। এ সকল উপায় অবলম্বন করার পরও যদি এই ঝুঁকি যথাযথভাবে নিয়ন্ত্রণ করা না যায় তাহলে সরবরাহকারীদেরকে কর্মী প্রশিক্ষণের পাশাপাশি যথাযথ, সচল, ব্যক্তিগত প্রতিরক্ষামূলক যন্ত্রপাতি প্রদান করতে হবে এবং কিভাবে ও কখন এসব সরঞ্জাম ব্যবহার করতে হবে সে সম্পর্কে যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে এবং এ সকল বিপদের সাথে যেসব ঝুঁকি জড়িত রয়েছে সে সম্পর্কিত শিক্ষা উপকরণও সরবরাহ করতে হবে। আমরা সরবরাহকারীদেরকে কর্মস্থলের স্বাস্থ্য ও সুরক্ষা-জনিত ঝুঁকি যার ফলে গর্ভবতী মহিলা এবং সেবা প্রদানকারী মা ক্ষতিগ্রস্থ হতে পারে তা পর্যবেক্ষণের জন্য বলে থাকি এবং এ সকল ঝুঁকি কমিয়ে আনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে বলি এবং যেকোনো ঝুঁকি সম্পর্কে তাদেরকে জানাতে উৎসাহিত করি।

পেশাগত আঘাত এবং অসুস্থতা: সরবরাহকারীদের এসকল ঝুঁকি প্রতিহত, নিয়ন্ত্রণ ও পেশাগত আঘাত এবং অসুস্থতা মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে যেমন- কর্মীদেরকে প্রতিবেদন প্রদানে উৎসাহিত করতে হবে, আঘাতের প্রকৃতি লিপিবদ্ধ করতে হবে এবং শ্রেণীবিভাগ করতে হবে, প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান করতে হবে, এসকল ঘটনা তদন্ত করতে হবে এবং কারণ দূর করতে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

শিল্প কারখানার পরিচ্ছন্নতা: আমরা সরবরাহকারীদের শনাক্ত করতে এবং উন্মুক্ত অবস্থায় রাসায়নিক দ্রব্য, বায়োলজিকাল ও শারীরিক ক্ষতি করে এমন দ্রব্য শনাক্ত করতে, মূল্যায়ণ করতে এবং নিয়ন্ত্রণ করতে উৎসাহ প্রদান করে থাকি। এর মধ্যে সঠিক নকশা, প্রযুক্তি এবং প্রশাসনিক নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে সম্ভাব্য ঝুঁকি এড়িয়ে চলা বা নিয়ন্ত্রণ করা অন্তর্ভুক্ত রয়েছে। যদি তারা ঝুঁকি বা বিপদজনক অবস্থায় বা কোনো জিনিস নিয়ে কাজ করে (বা অন্য যেকোনো ভাবে সংস্পর্শে আসে) তাহলে অবশ্যই কর্মীদেরকে জানাতে হবে এবং আগে থেকেই যথাযথ শিক্ষা গ্রহণ করতে হবে। উপরন্তু, কর্মীদেরকে অবশ্যই ব্যক্তিগত সুরক্ষার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান করতে হবে ও তাদেরকে প্রশিক্ষণ দিতে হবে এবং ঐ সকল সরঞ্জামের যথাযথ ব্যবহার বিষয়ক শিক্ষা প্রদান করতে হবে।

3. কায়িক শ্রম বিষয়ক কাজ। সরবরাহকারীদেরকে কর্মীদের স্বাস্থ্য এবং নিরাপত্তা যেন ক্ষুণ্ণ না হয় সেজন্য কায়িক শ্রম সংশ্লিষ্ট কাজ প্রতিনিয়ত শনাক্ত, মূল্যায়ন এবং নিয়ন্ত্রণে রাখতে হবে।

4. জরুরি পরিস্থিতি মোকাবেলা এবং প্রতিক্রিয়া। সরবরাহকারীদেরকে জরুরি পরিস্থিতি শনাক্ত করে মোকাবেলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং পরিকল্পনা করতে হবে ও কার্যকর করতে হবে এবং সাড়া প্রদানের জন্য তাদের কর্মীদেরকে প্রশিক্ষণ প্রদান করতে হবে, এর মধ্যে জরুরি পরিস্থিতি অবহিত করা, সতর্কীকরণ ব্যবস্থা, কর্মীদেরকে অবগত করা এবং অপসারণ পদ্ধতি, কর্মীদের প্রশিক্ষণ এবং মহড়া, প্রাথমিক-সহায়তা সেবা প্রদান, অগ্নি শনাক্তকরণ এবং প্রতিরোধক সরঞ্জাম এবং প্রস্থান সুবিধা অবমুক্তকরণ অন্তর্ভুক্ত রয়েছে।

5. যন্ত্রপাতির নিরাপত্তা। সরবরাহকারীদেরকে নিয়মিত ভিত্তিতে যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ কর্মসূচি পরিচালনা করতে হবে। উৎপাদন যন্ত্রপাতি এবং অন্যান্য সরঞ্জাম অবশ্যই নিরাপত্তাজনিত বিপদাপন্নতা এড়ানোর জন্য নিয়মিত পরীক্ষা করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে, যখন কোনো

মেশিনারির কারণে কোনো কর্মী আহত হয় বা বিপদাপন্নতায় পতিত হয় তখন সরবরাহকারীদেরকে নিয়মিত মেশিন জাতীয় যন্ত্রপাতি যথাযথ রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান করতে হবে (যেমন, শারীরিক প্রহরা, অন্তবর্তী আবদ্ধতা, আত্মরক্ষামূলক প্রতিবন্ধক)।

6. স্বাস্থ্যব্যবস্থা এবং আবাসস্থল। কর্মীদের জন্য পরিষ্কার টয়লেট সুবিধা রাখতে হবে এবং পাত্রে বহনযোগ্য খাবার পানির ব্যবস্থা রাখতে হবে। সরবরাহকারীরা যদি ক্যান্টিনের ব্যবস্থা রাখে বা অন্য কোনো উপায়ে কিছু খাদ্যদ্রব্যের ব্যবস্থা থাকে তাহলে অবশ্যই সে খাবারগুলো স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত হবে, মজুদ করা এবং খাবার সুবিধা থাকবে। সরবাহকারীরা যদি তাদের কর্মীদের জন্য বাসস্থানের ব্যবস্থা রাখে তাহলে তা হবে পরিষ্কার এবং নিরাপদ। এসকল আবাসস্থল অবশ্যই অগ্নি সতর্কতা, শনাক্তকরণ ও নিবারণ ব্যবস্থা থাকতে হবে এবং কর্মীদের জন্য অবশ্যই প্রস্থান ব্যবস্থা রাখতে হবে, সেটি হবে প্রাসঙ্গিক এবং ব্যক্তিগতভাবে বসবাসের জন্য নিরাপদ, থাকবে প্রবেশ এবং বহির্গমন ব্যবস্থা, গোসলের জন্য থকবে গরম পানির ব্যবস্থা, পর্যাপ্ত তাপ ও বাতাস চলাচলের ব্যবস্থা এবং কাজে যাওয়া ও আসার জন্য উপযুক্ত পরিবহনের ব্যবস্থা (যদি পায়ে হেঁটে চলাচল করা না যায়)।

পরিবেশ

1. পরিবেশ। সরবরাহকারীদেরকে প্রযোজ্য পরিবেশ আইন মেনে চলতে হবে; আমরা আমাদের সরবরাহকারীদেরকে পরিচালনা পর্যদের নিয়ম কানুন মেনে চলতে উৎসাহ প্রদান করি এবং সামগ্রিক কার্যক্রমে টেকসই আচরণ অনুশীলনে উৎসাহিত করি। আমরা আমাদের সরবরাহকারীদেরকে পুরো কার্যক্রম জুড়ে পরিবেশের (এর মধ্যে বিদ্যুতের ব্যবহার, বাতাস নির্গমন, গ্রিন হাউজ গ্যাস নির্গমন, বর্জ্য, পানি, দূষণ, বিপজ্জনক বস্তু এবং বস্তুর পুনঃব্যবহার অন্তর্ভুক্ত রয়েছে) উপর প্রভাব বিস্তার প্রতিহত করার উপায় খুঁজতে উৎসাহ প্রদান করি।

2. শক্তির ব্যবহার এবং গ্রীন হাউজ গ্যাস নির্গমন। আমরা আমাদের সরবরাহকারীদের দক্ষভাবে শক্তি ব্যবহার করতে, শক্তি খরচ কমাতে এবং গ্রীন হাউজ গ্যাস নির্গমন কম করতে উৎসাহ প্রদান করি।

3. পরিবেশ সংক্রান্ত অনুমতি এবং লিপিবদ্ধকরণ। সরবরাহকারীদেরকে পরিবেশ সংক্রান্ত সকল অনুমতি অর্জন করতে হবে এবং সংগ্রহে রাখতে হবে, অনুমতি নিতে হবে এবং নিবন্ধন করতে হবে এবং প্রযোজ্য কার্যবিধি অনুসরণ করতে হবে ও প্রয়োজনীয় সকল প্রতিবেদন পেশ করতে হবে।

4. বিপজ্জনক পদার্থের কার্যকর পরিচালনা এবং নিষ্পত্তি। সরবরাহকারীদেরকে কার্যকরভাবে পরিবেশের জন্য হুমকিস্বরুপ পদার্থ শনাক্ত করতে হবে নিরাপত্তার সাথে চলাচল, ঘোরাফেরা, মজুদ ও রাসায়নিক দ্রব্য এবং পদার্থ বিনষ্ট করতে হবে এবং কর্মীদেরকে নিরাপত্তার সাথে ঝুঁকিপূর্ণ পদার্থের নিরাপদ পরিচালনা এবং নিষ্পত্তি সম্পর্কে যথাযথ প্রশিক্ষণ প্রদান অন্তর্ভুক্ত রয়েছে। সরবরাহকারীদেরকে আইন অনুসারে নিষ্পত্তি করার পূর্বে নষ্ট পানি বা কার্যক্রম হতে উৎপন্ন কঠিন বর্জ্য নিয়ন্ত্রণ এবং পর্যবেক্ষণ করতে হবে। উপরন্ত, সরবরাহকারীগণকে অবশ্যই শ্রেণীবিভাগ করতে হবে, পর্যবেক্ষণ, নিয়ন্ত্রণ করতে হবে এবং প্রযোজ্য আইন অনুসারে উৎপাদিত বাতাস নির্গমনের পূর্বে নিয়ন্ত্রণের ব্যবস্থা করতে হবে।

দূষণ প্রতিরোধ এবং সংস্থান হ্রাসকরণ. সম্ভব হলে, সরবরাহকারীদেরকে বাতাস নির্গমন, দূষিত পদার্থ অবমুক্তকরণ এবং বর্জ্য উৎপাদন কমানোর সুযোগ খুঁজতে হবে। আমরা সরবরাহকারীদেরকে প্রাকৃতিক সম্পদের ব্যবহার হ্রাসকরণ, যেমন- পানি, জীবাশ্ম জ্বালানী, খনিজ এবং তরতাজা বাগানের পণ্য ব্যবহার না করতে উৎসাহিত করি।

পানি ব্যবস্থাপনা. আমরা সরবরাহকারীদেরকে পানি ব্যবস্থাপনা প্রোগ্রাম কার্যকর করার জন্য উৎসাহিত করি। সকল দূষিত পানি শনাক্তকরণ, পর্যবেক্ষণ, নিয়ন্ত্রণ এবং আইন অনুসারে নিষ্পত্তি করার পূর্বে নিয়ন্ত্রণ করতে হবে।

কঠিন বর্জ্য: সরবরাহকারীদেরকে পদ্ধতিগতভাবে কঠিন বর্জ্য পদার্থ শনাক্ত, ব্যবস্থাপনা এবং দায়িত্বপূর্ণভাবে নিষ্পত্তি বা পুনঃব্যবহার করতে হবে। আমরা সরবরাহকারীদেরকে তাদের কার্যক্রম হতে উৎপন্ন বর্জ্য হতে যাতে মাটি ভরাট না হয় সে জন্য উৎসাহ প্রদান করি।

বাতাস নির্গমন: সরবরাহকারীদেরকে কার্যক্রম থেকে উৎপন্ন দাহ্য জৈব রাসায়নিক, অ্যারোসোল, ক্ষয়কারী বস্তু, পার্টিকুলেটস, ওজোন ক্ষয়কারী রাসায়নিক এবং দাহ্য উপজাতগুলি নিষ্পত্তির আগে আইন অনুসারে এ সকল পদার্থের বায়ু নির্গমনকে শনাক্ত করা, নিয়মিত নিরীক্ষণ, নিয়ন্ত্রণ এবং পরিচালনা করতে হবে। অ্যামাজনের অনুরোধে সরবরাহকারীগণকে দেখাতে হবে যে এ ধরনের যেকোনো বাতাস নির্গমন যথাযথভাবে ব্যবস্থাপনা করা হচ্ছে।

সাংঘর্ষিক খনিজ এবং ভূমি অধিকার

1. সাংঘর্ষিক খনিজ। অ্যামাজন এমন খনিজের ব্যবহার এড়িয়ে চলার জন্য প্রতিশ্রুতিবদ্ধ বিশেষ করে গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র বা এর সংযুক্ত দেশগুলোর মধ্যে স্বালানী নিয়ে যে দ্বন্দ্ব চলছে তা ব্যবহার হতে বিরত থাকে। আমরা প্রত্যাশা করি যে সরবরাহকারীরা আমাদের পণ্যগুলোতে যে সুনির্দিষ্ট খনিজ ব্যবহার করা হয় তা শনাক্ত করতে আমাদের সরবরাহকারীরা আমাদের প্রচেষ্টার সাথে একাত্মতা ঘোষণা করবে।

2. ভূমি অধিকার। এটি গুরুত্বপূর্ণ যে আমাদের সরবরাহকারীগণ ব্যক্তি স্বতন্ত্রের, স্বদেশীদের এবং স্থানীয় কমিউনিটির জমি এবং তাদের অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করে। অ্যামাজনের অনুরোধে, সরবরাহকারীগণ এবং উৎপাদনকারীগণ ভূমি ব্যবহারের ক্ষেত্রে আইনগত অধিকার প্রদর্শন করবে। কৃষি এবং বনভূমির উন্নয়ন ও অধিগ্রহণের বিষয়টি হচ্ছে অবৈতনিক, পূর্বে হতে সংশ্লিষ্ট স্থানীয় কমিউনিটিকে বিষয়টি অবগত করে অনুমোদন নিতে হয়, এর মধ্যে মহিলা বা স্বদেশী ব্যক্তি এবং অন্যান্য সুবিধাবঞ্চিত উপকারভোগীরাও অন্তর্ভুক্ত রয়েছে।

নৈতিক আচরণ

1. কোনো ঘুষ নয়। আমাদের সরবরাহকারীরা কোনভাবেই কোনো কারণে কারো নিকট হতে ঘুষ নিতে পারবে না, যেকোনো সরকারি কর্মকর্তা বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানই হোক না কেন কারো সাথেই ঘুষের সম্পর্ক গড়ে তোলে যাবে না। এর মধ্যে অনুরোধ করা, প্রতিজ্ঞা করা, দেওয়া বা অবৈধ প্রভাব বিস্তার করে কোনো কারণে কারো নিকট হতে সুবিধা গ্রহণ করা বা মূল্যের বিনিময়ে কিছু গ্রহণ করা অন্তর্ভুক্ত রয়েছে। আমাদের সরবরাহকারীরা অবশ্যই অ্যামাজনের কর্মীদের ব্যবসায়িক আচরণবিধি ও নীতিমালা লঙ্ঘন করার জন্য প্রভাবিত করবে না।

2. দুর্নীতি-বিরোধী। আমাদের সরবরাহকারীরা প্রযোজ্য দুর্নীতি-বিরোধী আইন মেনে চলবে, এর মধ্যে ইউনাইটেড স্টেটস ফরেন করাপ্ট প্রাক্টিসেস অ্যাক্ট অ্যান্ড দ্য ইউনাইটেড কিংডম ব্রিবেরি অ্যাক্ট অন্তর্ভুক্ত রয়েছে এবং অ্যামাজনের পক্ষ হতে কখনই কোনো সরকারি কর্মকর্তাকে ঘুষ দেওয়া হয় না। সরবরাহকারীরা অবশ্যই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সরকারি কর্মকর্তাদেরকে অন্যায়ভাবে কাজ করতে উৎসাহিত করতে বা তাদেরকে এটি করার জন্য পুরস্কৃত করার জন্য কোনো কিছু অফার, প্রদান বা প্রতিশ্রুতি দিবেন না। নিষিদ্ধ লেনদেন অনেকভাবে হতে পারে যেমন- নগদ বা নগদ সমমান, উপহার, খাদ্যদ্রব্য এবং বিনোদন প্রদান ছাড়াও আরও অনেক কিছু। এই প্রযোজ্য ধারা সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে বা এর কোনো ব্যতিক্রম থাকলে তা অবশ্যই অ্যামাজনের আইন বিভাগ কর্তৃক পরিচালিত হবে।

3. অভিযোগ পদ্ধতি এবং সতর্কীকরণ সুরক্ষা। অ্যামাজন প্রত্যাশা করে সরবরাহকারীরা কর্মীদের সতর্কীকরণ বিষয়গুলো গোপনীয় রাখবে এবং কর্মস্থলে যার সম্পর্কে অভিযোগ রয়েছে তার প্রতি প্রতিশোধ গ্রহণে নিষেধাজ্ঞা বজায় রাখবে। সরবরাহকারীদেরকে কর্মীদের অভিযোগ গোপনীয়তার সহিত এবং ছদ্মনামে দাখিল করার জন্য কৌশল অবলম্বন করতে হবে এবং তদন্তের জন্য কার্যকর পদ্ধতি অবলম্বন করতে হবে এবং কর্মীদের উদ্বিগ্নতার দিকে খেয়াল রাখতে হবে। সাবকন্ট্রাক্টরদের মাধ্যমে কর্মী নিয়োগের ক্ষেত্রে অবশ্যই এমন একটি গোপনীয় কৌশল অবলম্বন করতে হবে যার ফলে তারা সাবকন্ট্রাক্টরদের সহায়তা ব্যতিরেকেই তাদের অভিযোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট দাখিল করতে পারে।

4. স্বচ্ছতা। অ্যামাজন প্রত্যাশা করে যে সরবরাহকারীরা কর্মস্থলের অবস্থা (যেমন- মুজুরি এবং কর্মঘন্টার নথি) সম্পর্কে সম্পূর্ণ এবং যথাযথ নথি সংরক্ষণ করবে। সরবরাহকারীদের শ্রম, স্বাস্থ্য ও নিরাপত্তা এবং পরিবেশ সংক্রান্ত তথ্য, প্রযোজ্য ক্ষেত্রে সরবরাহকারীদেরকে এই সরবরাহকারীর কোডের সাথে একাত্মতা প্রদর্শন করতে হবে, অবশ্যই অ্যামাজনের অনুরোধক্রমে এবং প্রযোজ্য নিয়ম অনুসারে প্রকাশ করতে হবে। অ্যামাজন সাপ্লাই চেইনে কোনো মিথ্যা নথিপত্র মেনে নেবে না বা অবস্থা সম্পর্কিত ভুল তথ্য গ্রহণ করবে না।

ব্যবস্থাপনা পদ্ধতি

1. ব্যবস্থাপনা পদ্ধতি। অ্যামাজন প্রত্যাশা করে যে উন্নয়নের ধারা চলমান রাখার জন্য সরবরাহকারীরা ব্যবস্থাপনা পদ্ধতি চালু করবে এবং প্রযোজ্য আইনের সাথে এবং এই সরবরাহকারীর কোডের সাথে সামাঞ্জস্যতা নিশ্চিত করবে।

ব্যবস্থাপনার জবাবদিহিতা এবং দায়িত্ব। অ্যামাজন প্রত্যাশা করে যে ব্যবস্থাপনা পদ্ধতি কার্যকর করার জন্য আমাদের সরবরাহকারীদের পদবিসহ দায়িত্ব থাকবে এবং যা প্রযোজ্য আইনের সাথে সামাঞ্জস্যপূর্ণ হওয়ার সাথে সাথে সরবরাহকারীর কোডের সাথেও সামাঞ্জস্যপূর্ণ হবে। উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ব্যবস্থাপনা পদ্ধতি এবং প্রোগ্রামের মান অবশ্যই নিয়মিতভাবে পর্যালোচনা ও বিশ্লেষণ করতে হবে।

ঝুঁকি ব্যবস্থাপনা। অ্যামাজন প্রত্যাশা করে যে আমাদের সরবরাহকারীগণ তাদের কর্মক্ষম এবং শ্রম অনুশীলনের সাথে সম্পর্কিত পরিবেশ, স্বাস্থ্য, নিরাপত্তা এবং নৈতিক ঝুঁকি চিহ্নিত করার জন্য একটি প্রক্রিয়া প্রতিষ্ঠা করবে। এছাড়াও, চিহ্নিত ঝুঁকিগুলি নিয়ন্ত্রণ করতে এবং নিয়ন্ত্রক সম্মতি নিশ্চিত করতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যথাযথ প্রক্রিয়াগুলি বিকশিত করবেন। সরবরাহকারীদের তাদের নিজস্ব কার্যক্রম, সাপ্লাই চেইন এবং সাবকন্ট্রাক্টরগুলিতে এই মানগুলি ধারাবাহিকভাবে পর্যবেক্ষণ ও প্রয়োগ করতে হবে এবং আমাদের সরবরাহকারীর কোডে প্রতিফলন হিসেবে আমাদের প্রত্যাশা পূরণে বা ছাড়িয়ে যেতে এবং আমাদের গ্রাহকদের সেগুলি পূরণ করতে উন্নতি করা উচিত। আমরা সরবরাহকারীদের ক্রমাগত তাদের ঝুঁকিগুলো নির্ধারণ করতে উৎসাহিত করি, যার মধ্যে নারী, অভিবাসী শ্রমিক এবং আদিবাসীসহ ঝুঁকিগ্রস্ত জনগোষ্ঠী অন্তর্ভুক্ত রয়েছে।

2. প্রশিক্ষণ। অ্যামাজন প্রত্যাশা করে যে আমাদের সরবরাহকারীগণ আমাদের সরবরাহকারীর কোডের মানগুলি প্রয়োগ করতে এবং প্রযোজ্য আইনি প্রয়োজনীয়তা মেনে চলতে পরিচালকদের এবং কর্মীদের জন্য উপযুক্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবেন।

3. আলোচনা এবং কর্মীদের প্রতিক্রিয়া। অ্যামাজন প্রত্যাশা করে যে আমাদের সরবরাহকারীগণ কর্মীদের অ্যামাজন নীতি, অনুশীলন এবং প্রত্যাশা সম্পর্কে স্পষ্ট ও নির্ভুলভাবে আলোচনা করবেন এবং শিক্ষাদান করবেন। অ্যামাজন সরবরাহকারীদের তাদের অধিকার এবং দায়িত্ব সম্পর্কে বোঝার বিষয়টি মূল্যায়ন করার জন্য একটি পদ্ধতি বাস্তবায়ন করতে উৎসাহিত করে এবং অর্থপূর্ণভাবে সেগুলি কর্মী-ব্যবস্থাপনা কমিটি বা অনুরূপ ফোরামের মাধ্যমে তাদেরকে নিযুক্ত করে। অ্যামাজনের সরবরাহকারীদের তাদের কর্মীদের সহজ ও উপযুক্ত স্থানীয় ভাষায় অনুবাদ করা, মূল সমস্যাগুলির ঝুঁকি নিয়ে কর্মীদের প্রশিক্ষণ দিতে এবং কর্মীদের তাদের অধিকার সম্পর্কে প্রশিক্ষণ দেওয়ার বা অন্যথায় প্রশিক্ষণ দেওয়ার জন্য শিক্ষামূলক সামগ্রী পোস্ট করার প্রয়োজন হতে পারে। সরবরাহকারীগণ নিরক্ষরতার সমস্যা সম্পর্কে সচেতন হবেন, এবং নিশ্চিত করবেন যে প্রশিক্ষণগুলি এই বিষয়গুলিকে বিবেচনায় রাখবে।

4. নথিপত্র ও রেকর্ড। সরবরাহকারীগণ গোপনীয়তা রক্ষার জন্য যথাযথ গোপনীয়তার মাধ্যমে প্রযোজ্য আইনি বিধিমালার সাথে সম্পূর্ণ সম্মতি জ্ঞাপন করে ব্যবসায়ের রেকর্ড তৈরি, রক্ষণাবেক্ষণ এবং নিষ্পত্তি করবেন। সকল ফ্যাসিলিটিস অবশ্যই একটি বৈধ ব্যবসায়ের লাইসেন্স বজায় রাখবে; সরবরাহকারীগণ সমস্ত আইনি বিধিমালা পর্যালোচনা ও মেনে চলতে বাধ্য এবং তাদের পরিচালনার জন্য প্রয়োজনীয় অনুমতি, লাইসেন্স (যেমন- স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত অনুমতি, অধিগ্রহণের অনুমতি ইত্যাদি) পাওয়া যায়।